# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র ঃ মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-০১/এ-১২(পার্ট)/২০২৫/৮৭৭(৭) তারিখ ঃ ২৭ ফাল্গুন ১৪৩১ / ১২ মার্চ ২০২৫

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদগুলি পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম, বেতনস্কেল (জা.বে.স্কেল-২০১৫), গ্রেড, বয়স ও অফিস/অনুষদ | নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | পরিচালক (হিসাব)<br>৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-০৩)<br>হিসাব অফিস | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতকোত্তর/এমবিএ ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।<br>প্রার্থীর যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক (হিসাব)/সমমানের পদে ০৪ (চার) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত দায়িত্বপূর্ন পদে কমপক্ষে ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে বিশেষ দক্ষতা থাকতে হবে। | ০১টি |
| ০২ | বিশ্ববিদ্যালয় প্রকৌশলী<br>৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-০৩)<br>প্রকৌশল অফিস | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে প্রকৌশলে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।<br>প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে ০৪ (চার) বছরের অভিজ্ঞতাসহ সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেনীর পদে মোট ১৫(পনের) বছর চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রকৌশল অফিসের বিভিন্ন শাখায় নির্মাণ, রক্ষনাবেক্ষণ সংক্রান্ত কাজের তদারকী ও ব্যবস্থাপনা এবং উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন ও ব্যবস্থাপনা কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে বিশেষ দক্ষতা থাকতে হবে। | ০১টি |
| ০৩ | পরিচালক (পউও)<br>৫৬৫০০-৭৪৪০০/- (গ্রেড-০৩)<br>পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস অফিস | প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।<br>বিশ্ববিদ্যালয় অথবা খ্যাতিসম্পন্ন উন্নয়ন প্রতিষ্ঠানের পরিকল্পনা ও উন্নয়নমূলক কাজের বিভিন্ন প্রকার প্রকল্প তৈরীকরণ/রিপোর্ট প্রণয়ন ও বাস্তবায়নে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক (পউও) হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের চাকুরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে বিশেষ দক্ষতা থাকতে হবে। | ০১টি |
| ০৪ | খাদেম<br>৮৮০০-২১৩১০/- ( গ্রেড-১৮)<br>বয়স ঃ সর্বোচ্চ ৩২ বছর<br>ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদে (সিরাজগঞ্জ ক্যাম্পাস) | দাখিল/ক্বারী পাশ হতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রশিক্ষণ প্রাপ্ত। সংশ্লিষ্ট বিষয়ে ০২ (দুই) বছরের দক্ষতা থাকতে হবে। | ০১টি |
| ০৫ | বাবুর্চী<br>৮৮০০-২১৩১০/- ( গ্রেড-১৮)<br>বয়স ঃ সর্বোচ্চ ৩২ বছর<br>ভাইস-চ্যান্সেলর এর বাসভবন | ন্যূনতম অষ্টম শ্রেনী পাশসহ দেশী/বিদেশী রান্নার কাজে পারদর্শীতা সহ ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। | ০১টি |

- উপরোক্ত পদসমূহের আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা **www.mbstu.ac.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে (অফিস চলাকালীন সময়) আগামী ২৩/০৪/২০২৫ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- "ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"-এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার উপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা থেকে ০১ হতে ০৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৮০০/- (আটশত) টাকা এবং ০৪ ও ০৫ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদ এবং অভিজ্ঞতার সনদ সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- আগামী ২৩/০৪/২০২৫ তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত প্রত্যেক পদের জন্য খামের উপর পদের নাম উল্লেখপূর্বক ০৮(আট) সেট দরখাস্ত রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর পৌঁছাতে হবে।
- যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে একটি শর্ত শিথিলযোগ্য।
- অভ্যন্তরীন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- আবেদনপত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম) ১২/৩/২০২৫
রেজিস্ট্রার
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

G:\Kamal_2025\Appointment\Advertais.doc